

5 সেপ্টেম্বর, 2019

প্রিয় পরিবারবর্গ,

স্কুলের প্রথম দিন শুভ হোক, এবং প্রত্যাবর্তনে স্বাগতম! 2019–20 স্কুল বছর শুরু করতে, আমি আশা করছি, আপনারা আমার মতই উৎসাহ বোধ করছেন।

এটি নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের শিক্ষার্থী হবার জন্য একটি চমৎকার সময়। আমাদের অসংখ্য শিক্ষার্থী এবং স্কুল আগের যে কোন সময়ের চেয়ে ভাল করছে। আমাদের গ্র্যাজুয়েশনের হার সর্বকালের শ্রেষ্ঠ, এবং বেশি সংখ্যক শিক্ষার্থী কলেজে সফল হবার জন্য প্রস্তুত হয়ে গ্র্যাজুয়েশন করছে। এবং এই বছর আমাদের শিক্ষার্থীদের কাছ থেকে আমি আরো ভাল কিছু প্রত্যাশা করি।

আমাদের ছোট্ট শিক্ষার্থী থেকে শুরু করে হাই স্কুলের সবার বড় শিক্ষার্থীরা - আমাদের সম্মানের হাছে আমাদের পরবর্তী প্রজন্মের চিন্তাবিদ, নেতৃবৃন্দ, আবিষ্কারক, এবং পরিবর্তন-সৃষ্টিকারী। তাদের প্রত্যেককে ঐ পথে ত্বরান্বিত করতে আমরা প্রস্তুত।

শিক্ষার্থীর পরিবারের আয়, বর্ণ, ধর্ম, জাতীয়তা, প্রতিবন্ধিতা, বাড়িতে যে ভাষায় কথা বলা হয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন অভিব্যক্তি, অথবা তাদের পরিচয়ের অন্যান্য মাত্রাগুলো যাই হোক না কেন, আমাদের অঙ্গীকার অবিচল থাকবে। প্রতিটি শিক্ষার্থী যেন তাদের প্রাপ্য কঠোর, অনুপ্রাণিত, সম্পৃক্ত, যত্নশীল শিক্ষা পায় তা নিশ্চিত করতে DOE-এর প্রত্যেকে কঠোর পরিশ্রম করছেন।


আমি এটাকে বলি শিক্ষার্থীদের জন্য সম্পাদ্য কার্যাবলী—সফলতার জন্য প্রতিটি শিক্ষার্থীর কী প্রয়োজন সেগুলো যোগান দেয়াই হচ্ছে প্রতিটি দিন এবং প্রতিটি সিদ্ধান্তের উদ্দেশ্য। আমরা বুঝি যে দুইটি শিক্ষার্থী, ক্লাসরুম, অথবা স্কুল এক হতে পারে না, এবং প্রত্যেকের সৌন্দর্য ও পার্থক্যসূচক প্রকৃতি উপলব্ধি করি।

একই সাথে, আমরা আমাদের শিক্ষার্থী ও পরিবারদের দৃঢ় সহযোগিতা অফার করছি, আরো স্বাগতমূলক স্কুল তৈরি করছি, এবং সকলের জন্য কঠোর পাঠ্যসূচি নিশ্চিত করছি। শহরের সকল প্রান্তে শিক্ষার্থীরা সামাজিক-আবেগজনিত শিক্ষণ, পুনরুদ্ধারক ন্যায়বিচার অনুশীলন, এবং তাদের স্বাতন্ত্র্যকে প্রতিফলনকারী সাংস্কৃতিকভাবে সংবেদনশীল পাঠ্যক্রম থেকে উপকারীতা পাবে।

সমতা অগ্রসর করা বলতে এখন এটাই বোঝায়।

DOE-তে আমরা সবাই আশা করছি যে আজ আপনারা যা দেখছেন তা পছন্দ করবেন এবং আপনাদের জন্য একটি সফল স্কুল বছর কামনা করছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর